প্রথম আলো

তারিখ 4 MAR 2009
পৃঃ ২ কলাম ৪

# শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের বৈঠক

প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণী পর্যন্ত উন্নীত করাসহ বিভিন্ন দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। গতকাল মঙ্গলবার সংগঠনের নেতারা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাৎ করে এসব দাবি তুলে ধরেন।

পরিষদের নেতারা মন্ত্রী বরাবর লিখিত বক্তব্য পেশ করেন। এ বক্তব্যে তুলে ধরা অন্য দাবিগুলো হলো প্রাথমিক শিক্ষার জনবল কাঠামো সংস্কার, কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ড পুনর্গঠন, প্রধান শিক্ষকের শূন্যপদ পূরণ, শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটির বিষয়টি নিরসন, বার্ষিক প্রবৃদ্ধি প্রদান, মেডিকেল ভাতা ৫০০ টাকা করা, পূর্ণাঙ্গ বাড়ি ভাড়া, দুটি উৎসব ভাতা, সহকারী প্রধান শিক্ষকের স্কেল প্রদান, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাকরিবিধি প্রবর্তন এবং শিক্ষা জাতীয়করণ।

শিক্ষামন্ত্রীর সঙ্গে এ সাক্ষাতের সময় উপস্থিত ছিলেন ঐক্য পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী, চৌধুরী খুরশিদ আলম, কে এম আবুল হাসান, রঞ্জিত কুমার সাহা, শাহজাহান আলম সাজু, ড. নূর মোহাম্মদ তালুকদার, অধ্যাপক এম এ বারী প্রমুখ। বিজ্ঞপ্তি।